

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়  
প্রকল্প বাস্তবায়ন-১ শাখা  
[www.mohfw.gov.bd](http://www.mohfw.gov.bd)

নং-৪৫.১৩১.১৭২.০০৪.০১.০০.২০১২-৭৫৭

তারিখঃ ১০.১২.২০১৩ খ্রি:

প্রেরকঃ সুশীল কুমার পাল  
সহকারী সচিব

প্রাপক : প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়  
সচিবালয় ভবন, তৃতীয় ফেজ, সেগুন বাগিচা, ঢাকা

বিষয়ঃ স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের অধীন স্বাস্থ্য, জনসংখ্যা ও পুষ্টি সেক্টর উন্নয়ন কর্মসূচি (HPNSDP)-এর আওতাধীন এইচআইএস এন্ড ই-হেলথ (কোড নং-৫-২৭১১-৫১৮০) কর্মসূচির অনুকূলে চলতি ২০১৩-২০১৪ অর্থ বছরে RPA(GOB) খাত থেকে ৪৫৬.৬৯ লক্ষ (চার কোটি ছাশ্বান্ন লক্ষ উনসত্তর হাজার) টাকা অগ্রিম উত্তোলন সংক্রান্ত।


স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের অধীন স্বাস্থ্য, জনসংখ্যা ও পুষ্টি সেক্টর উন্নয়ন কর্মসূচির আওতায় এইচআইএস এন্ড ই-হেলথ (কোড নং-৫-২৭১১-৫১৮০) শীর্ষক কর্মসূচির অনুকূলে চলতি ২০১৩-২০১৪ অর্থ বছরে এডিপি'র বরাদ্দ অনুযায়ী আরপিএ (জিওবি) বাবদ ২য় কিস্তিতে ছাড়কৃত ৪৮৯.৬৯ লক্ষ টাকা হতে স্থানীয় প্রশিক্ষণ ও ওয়ার্কসপ বাস্তবায়নের জন্য ৪৮৪০ কোডে ৪৫৬.৬৯ লক্ষ (চার কোটি ছাশ্বান্ন লক্ষ উনসত্তর হাজার) টাকা নিম্নবর্ণিত শর্তে অগ্রিম উত্তোলনে আদিষ্ট হয়ে সরকারী মঞ্জুরী জ্ঞাপন করছি।

তবে শর্ত থাকে যে,

- (ক) অগ্রিম উত্তোলিত অর্থ ব্যয়ের ক্ষেত্রে The Public Procurement Act-2006 এবং The Public Procurement Rules-2008 অনুসরণসহ যাবতীয় আর্থিক বিধি-বিধান যথাযথভাবে পালন করতে হবে;
- (খ) পরবর্তী কিস্তির অর্থ উত্তোলনের পূর্বেই যথাসময়ে যথাযথ ভাউচারের মাধ্যমে অগ্রিম উত্তোলিত অর্থ সমন্বয় করতে হবে।
- (গ) অব্যয়িত অর্থ (যদি থাকে) যথাসময়ে সরকারী কোষাগারে সমপর্ন করতে হবে;
- (ঘ) আরপিএ (জিওবি) বাবদ ১ম-২য় কিস্তিতে ছাড়কৃত অর্থের পুনর্ভরণ দাবী অবিলম্বে পেশসহ পূর্ণভরণ নিশ্চিত করতে হবে;
- (ঙ) অগ্রিম হিসেবে উত্তোলিত অর্থ ব্যয়ের বিষয়ে ভবিষ্যতে কোন অনিয়ম হলে তার জন্য সংশ্লিষ্ট বিল পরিশোধকারী কর্তৃপক্ষ দায়ী থাকবেন;

০২। এই ব্যয় চলতি ২০১৩-২০১৪ অর্থ বছরে ২৭- স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের উন্নয়ন বাজেটের স্বাস্থ্য, জনসংখ্যা ও পুষ্টি সেক্টর উন্নয়ন কর্মসূচির অর্ন্তভুক্ত এইচআইএস এন্ড ই-হেলথ (কোড নং-৫-২৭১১-৫১৮০) শীর্ষক অপারেশনাল প্লানের অনুকূলে বরাদ্দকৃত আরপিএ (জিওবি)'র অর্থ হতে কোড নং-৫-২৭১১-৫১৮০-৪৮৪০ হতে বহন করা হবে।

০৩। অর্থ বিভাগের সম্মতিক্রমে এ আদেশ জারী করা হলো।

  
১০.১২.২০১৩  
(সুশীল কুমার পাল)  
সহকারী সচিব  
ফোনঃ ৯৪৫৯৫৫৩  
[saspil@mohfw.gov.bd](mailto:saspil@mohfw.gov.bd)

অপর পৃষ্ঠা দৃষ্টব্য